দৈনিক বাংলা

তারিখ ...২২.৪.৮৬...
পৃষ্ঠা... ...৫ কলাম... ১ ...

# বরিশাল আইন কলেজ

বরিশাল আইন কলেজ ভবনের এক করুণ ছবি ছাপা হয়েছে পত্রিকান্তরে। ভবনটির ছাদ ভেঙে পড়েছে। ক্লাস রুমগুলি ব্যবহারের অনুপযুক্ত হয়ে পড়েছে। প্রায় ছয় শত ছাত্র জীবনের ঝুঁকি নিয়েই এই কলেজে পড়াশোনা করছেন। অবশ্য এরকম পরিবেশে পড়াশোনা কতটা সম্ভব সেও সঙ্গত প্রশ্ন। জানা গেছে অর্থের অভাবে ভবনটির মেরামত কাজে হাত দেয়া যাচ্ছে না। আসবাবপত্র বই-পুস্তকও কেনা সম্ভব হচ্ছে না।

মাত্র ২১ বছরের কলেজ। মহাকালের রূঢ় স্পর্শে কলেজটির এই দুর্দশা এমন কথাও জোর দিয়ে বলা যাবে না। আসলে অভাব উদ্যোগের, অভাব অর্থের। অনুমান করতে পারি, যে উৎসাহ উদ্দীপনা নিয়ে সরকারী-বেসরকারী প্রচেষ্টায় কলেজটি প্রতিষ্ঠা করা হয়েছিল: তার আর কিছুই এখন অবশিষ্ট নেই। কলেজ প্রতিষ্ঠার ব্যাপারে আমাদের যতটা উৎসাহ দেখা যায় চালানোর ব্যাপারে ততটা নয়। অবশ্য অর্থের অভাবই বড় অভাব।

আমরা আশা করব, শিক্ষামন্ত্রণালয় এদিকে সুনজর দেবেন এবং বরিশালের একমাত্র আইন কলেজটিকে সচল ও সজীব করে তোলার উদ্যোগ নেবেন।

0 006